# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 13 May, 2025

নেত্রকোণার মোহনগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটেছে।সোমবার (১২ মে) দিবাগত রাতে এ চুরির ঘটনা ঘটে।মঙ্গলবার সকালে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে।

বিদ্যালয় সূত্রে জানা গেছে, শ্রেণিকক্ষে থাকা চারটি সিলিং ফ্যান চুরি হয়েছে।তবে কক্ষের তালা ভাঙা পাওয়া যায়নি।ধারণা করা হচ্ছে, তালার চাবি ব্যবহার করেই কক্ষে প্রবেশ করেছে চোর।চুরির সময় বিদ্যালয়ের সিসি ক্যামেরার তার কাটা ছিলো এবং বিদ্যুতের তারও একাধিক স্থানে কাটা অবস্থায় পাওয়া গেছে।

প্রধান শিক্ষক মমতাজ জাহান বলেন, "শ্রেণিকক্ষে থাকা চারটি সিলিং ফ্যান চুরি হয়েছে।তবে অফিস কক্ষে কেউ প্রবেশ করতে পারেনি।সিসি ক্যামেরার তার কাটা এবং বিদ্যুতের তার ছেঁড়া অবস্থায় ছিলো।'

বিদ্যালয়টি চারদিক থেকে সীমানা প্রাচীর দিয়ে ঘেরা এবং মূল ফটক তালাবদ্ধ থাকে।এক সময় রাতে পাহারাদার থাকলেও কিছুদিন আগে তাকে চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়।

মোহনগঞ্জ থানার ওসি মো. আমিনুল ইসলাম বলেন, "শ্রেণিকক্ষের তালা চাবি দিয়ে খোলা হয়েছে।দরজা-জানালাও অক্ষত ছিলো।সিসি ক্যামেরার তার কাটা ছিলো।সবদিক বিবেচনায় মনে হচ্ছে, ঘটনাটি পূর্বপরিকল্পিত এবং কোনো অভ্যন্তরীণ ব্যক্তি জড়িত থাকতে পারে। আগের পাহারাদারকে জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়েছে।তদন্ত চলমান রয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

চুরি পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:12

URL: https://www.timestodaybd.com/mymensingh/2441775807